

বাংলাদেশ হাই কমিশন
লন্ডন
প্রেস বিজ্ঞপ্তি

লন্ডন, ২৬ মার্চ ২০২১

লন্ডন হাই কমিশনে বাংলাদেশের গৌরবোজ্জ্বল স্বাধীনতার পঞ্চাশ বছরপূর্তি উদযাপন শুরু

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান মুক্তিযুদ্ধের অমর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপনের মধ্য দিয়ে আজ বাংলাদেশ হাই কমিশন, লন্ডনে বাংলাদেশের গৌরবোজ্জ্বল স্বাধীনতার পঞ্চাশ বছরপূর্তি উদযাপন শুরু হয়েছে। যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনীম দূতাবাসের সিনিয়র কর্মকর্তাদের নিয়ে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে নয় মাসব্যাপী বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর অনুষ্ঠান উদ্বোধন করেন।

এ উপলক্ষে হাইকমিশনার জাতির পিতা ও স্বাধীনতা যুদ্ধের সকল শহীদকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি বিশেষ শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, “তাঁর অসাধারণ নেতৃত্বে বাংলাদেশে ৭১ এর মুক্তিযুদ্ধের চেতনা, গণতন্ত্র, ধর্ম নিরপেক্ষতা, বাঙালি জাতীয়তাবাদ এবং সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠিত হয়েছে। আজ তাঁরই নেতৃত্বে বাংলাদেশ বঙ্গবন্ধুর “সোনার বাংলা”য় পরিণত হওয়ার দিকে দ্রুত এগিয়ে চলেছে।”

২০২১ সালে বাংলাদেশ ও যুক্তরাজ্যের কূটনৈতিক সম্পর্কের পঞ্চাশ বছর উদযাপনের কথা উল্লেখ করে হাইকমিশনার দু’দেশের মধ্যে বিরাজমান বন্ধুত্ব ও সৌহার্দপূর্ণ সম্পর্ক আগামী দিনগুলোতে আরো সুগভীর ও সুদৃঢ় হবে বলে দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন। তিনি ৭১-এর মুক্তিযুদ্ধে এবং পরবর্তী সময়ে বাংলাদেশের উন্নয়নে যুক্তরাজ্য ও আয়ারল্যান্ডে বসবাসকারী বাংলাদেশিদের অসাধারণ অবদানের কথা বিশেষভাবে উল্লেখ করেন।

জাতীয় পতাকা উত্তোলনের পর মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে প্রদত্ত মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ করে শুনানো হয়। পরে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শহীদ সদস্য ও বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে জীবন উৎসর্গকারী শহীদদের আত্মার মাগফিরাত এবং দেশের শান্তি ও অব্যাহত অগ্রগতি কামনা করে দোয়া করা হয়।

স্বাধীনতার পঞ্চাশ বছরপূর্তি দিবসের অনুষ্ঠানে বিশেষ আয়োজন হিসেবে লন্ডন সময় বিকাল ৩ টায় লন্ডন হাই কমিশন “বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী এবং বাংলাদেশ ও যুক্তরাজ্যের পঞ্চাশ বছরের কূটনৈতিক সম্পর্ক” শীর্ষক এক বিশেষ আলোচনা অনুষ্ঠানের আয়োজন করেছে। এ অনুষ্ঠানে ব্রিটিশ মন্ত্রী, এমপি ও রাজনীতিবিদসহ ব্রিটিশ ও ব্রিটিশ-বাংলাদেশি বিশিষ্ট ব্যক্তিবর্গ অংশগ্রহণ করছেন।

এছাড়া হাইকমিশনার ও টাওয়ার হেমলেটসের মেয়র জন বিগস সকালে ‘বাংলা টাউন’ নামে খ্যাত পূর্ব লন্ডনের ঐতিহাসিক আলতাব আলী পার্কে বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে লন্ডনে নয় মাসব্যাপী বাংলাদেশের স্বাধীনতার পঞ্চাশ বছরপূর্তি উদযাপনের শুভ সূচনা করেন।

সুবর্ণ জয়ন্তী উপলক্ষে বাংলাদেশ হাই কমিশন ভবনকে বাংলাদেশের জাতীয় পতাকার লাল-সবুজের আলোকসজ্জায় সজ্জিত করা হয়েছে। এ উপলক্ষে বিখ্যাত লন্ডন আইকেও লাল-সবুজে আলোকিত করা হয়েছে। যুক্তরাজ্যের রাজকীয় গির্জা ‘ওয়েস্ট মিনস্টার অ্যাবে’-র শীর্ষে উত্তোলন করা হয়েছে বাংলাদেশের জাতীয় পতাকা।

আশিকুন নবী চৌধুরী
মিনিস্টার (প্রেস)